



## বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ

বিনিয়োগ অগ্রাধিকার

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়  
আইসিটি টাওয়ার, আগারগাঁও ঢাকা-১২০৭।  
[www.bhtpa.gov.bd](http://www.bhtpa.gov.bd)

স্মারকনং ৫৬.০২.০০০০.০১৪.১৮.০০৬.২৪- ২৭৮

তারিখ: ০২/১০/২০২৪ ইং

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ২০২৪-২৫ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) কর্মগরিষ্ঠতার ১ম ত্রৈমাসিক (জুলাই-২০২৪ সেপ্টেম্বর-২০২৫ পর্যন্ত)-এর সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে ত্রৈমাসিক প্রতিবেদন।

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ২০২৪-২৫ প্রস্তুত করা হয়েছে। সেবা প্রদান প্রতিশ্রুতিকে ০৩ (তিনটি) ক্যাটাগরিতে বিভক্ত করা হয়েছে। প্রস্তুতকৃত সিটিজেন চার্টার গত ১৯ আগস্ট, ২০২৪ ইং তারিখে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ওয়েব সাইডে ([www.bhtpa.gov.bd](http://www.bhtpa.gov.bd)) আপলোড করা হয়েছে।

০২। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের বিনিয়োগকারী/বিনিয়োগে আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে জমি/স্পেস বরাদ্দ প্রাপ্তির জন্য আবেদন (অনলাইনে/সরাসরি হার্ড কপি মাধ্যমে) করতে পারবে। উক্ত সেবা দুইটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা যথাক্রমে সহকারী পরিচালক (বিনিয়োগ) ও সহকারী পরিচালক (সংগ্রহ)। এছাড়াও বিনিয়োগকারীকে পার্কের অভ্যন্তরীণ ইউটিলিটি সেবা প্রদান, ইলেকট্রিক্যাল ও মেকানিক্যাল রক্ষণাবেক্ষণ সেবা প্রাপ্তির লক্ষ্যে অনলাইনে (ওএসএস পোর্টালের মাধ্যমে)/সরাসরি হার্ডকপি মাধ্যমে আবেদন গ্রহণ করা হয়ে থাকে। উক্ত সেবাটি ফোকাল পয়েন্ট কর্মকর্তা উপ-সহকারী প্রকৌশলী (ই/এম)। অনলাইন বা সোস্যাল মিডিয়ার বিভিন্ন তথ্য বা প্রশ্নোত্তর প্রদান সরাসরি হার্ডকপি/অনলাইনে আবেদন গ্রহণ করা হয়ে থাকে। উক্ত সেবাটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনসংযোগ কর্মকর্তা।

০৩। বিনিয়োগকারীদের তথ্য সেবা প্রদান, উৎপাদন পর্যায়ে কাঁচামাল আমদানী সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র সত্যায়ন ও প্রত্যায়ন, বিনিয়োগকারীদের ব্যাংকিং সংক্রান্ত কাজে সহায়তা প্রদান, ওয়ার্ক পার্মিট, প্রজেক্ট রেজিস্ট্রেশন, ভিসা সুপারিশ, প্রজেক্ট ক্লিয়ারেন্স, ভিসা এ্যাসিস্টেন্স ইত্যাদি সেবা সমূহ প্রাপ্তির লক্ষ্যে অনলাইনে (ওএসএস পোর্টালের মাধ্যমে) আবেদন গ্রহণ করা হয়ে থাকে। উক্ত সেবাসমূহের ফোকাল পয়েন্ট কর্মকর্তা রিসার্চ অফিসার। এছাড়াও চাকরি স্থায়ীকরণ, পদোন্নতি সংক্রান্ত বিষয়, অর্জিত ছুটি মঞ্জুর, শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুর, বহিঃ বাংলাদেশ ছুটি মঞ্জুর ইত্যাদি অভ্যন্তরীণ সেবাসমূহ প্রাপ্তির লক্ষ্যে আবেদন করতে হবে। উক্ত সেবাটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা সহকারী পরিচালক (প্রশাসন)।

০৪। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের প্রস্তুতকৃত সিটিজেন চার্টার মোতাবেক সেবা সঠিকভাবে প্রদান করা হচ্ছে কি না এ বিষয়ে ওএন্ডএম শাখা পরিবীক্ষণ করা হয়। পরিবীক্ষনান্তে দেখা যায় যে, ও এন্ডএম শাখা হতে নিম্নবর্ণিত নাগরিক সেবা সঠিকভাবে প্রদান করা হয়:

ক্র:	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	মন্তব্য
i.	বিনিয়োগকারীকে পার্কের অভ্যন্তরীণ ইউটিরিটি সেবা প্রদান ও ইলেকট্রিক্যাল ও মোকানিক্যাল রক্ষণাবেক্ষণ	অনলাইনে সরাসরি হার্ডকপি মাধ্যমে আবেদন গ্রহণ	আবেদন	বিনামূল্যে	১৫ কার্যদিবস	সঠিক সময় সেবা প্রদান করা হয়

  
 (এ, কে, এম, আমিরুল ইসলাম এনডিসি)  
 ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)  
 ফোন : ৫৫০০৬৯৫৩  


সচিব

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

আইসিটি টাওয়ার, অগারগাঁও, ঢাকা।

[দু:আ: উপসচিব (কর্মসম্পাদন ও কৌশল শাখা), আইসিটি প্রমোশন ও গবেষণা অনুবিভাগ]